নিউ ইয়র্ক পুনরায় খুলছে

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকা নিউ ইয়র্ক অঞ্চলের সকল বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে রাজ্য জুড়ে বাণিজ্যিক মাছ ধরার পরিষেবাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, বাণিজ্যিক মাছ ধরা পরিষেবা এবং জাহাজ ভাড়া সংক্রান্ত কার্যক্রমের সকল মালিক/পরিচালকদের, বাণিজ্যিক মাছ ধরা কার্যক্রম সম্পর্কিত রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

শারীরিক দূরত্ব

অত্যাবশ্যক

- কর্মীদের মধ্যে দূরত্ব 6 ফুট নিশ্চিত করুন, যদি না নিরাপত্তা বা মূল কার্যকলাপের জন্য একটি সংক্ষিপ্ত দূরত্ব প্রয়োজন হয়।
- যে কোনো সময় কর্মীরা যখন পরস্পরের থেকে 6 ফুটের কম দূরত্বে থাকবেন, তখন তাদের অবশ্যই একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরতে হবে।
- যে কোনো কাজ যা অভ্যন্তরে ঘটছে, তার জন্য সুপারভাইসরদের বাদ দিয়ে 1 জন কর্মী প্রতি 250 বর্গফুট পরিসর বরাদ্দ করতে হবে, যদি না অতিরিক্ত ব্যক্তিগত সুরক্ষার ব্যবস্থা বাস্তবায়িত করা হয় (যেমন, সব সময়ের জন্য মুখের আবরণ)।
- যদি ছোট জায়গা (যেমন লিফট, হয়েস্ট) একাধিক ব্যক্তি দ্বারা দখল করা হয়, তাহলে অধিগ্রহণ সর্বোচ্চ ধারণ ক্ষমতার 50% এর মধ্যে রাখুন।
- মানুষের অনাবশ্যক জমায়েত যতটা সম্ভব সীমিত করা।
- পিক-আপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করুন, সম্ভাব্য ক্ষেত্রে কন্টাক্ট সীমিত করুন।
- রেস্টরুম ও ব্রেকরুমের মত ছোট জায়গাগুলিতে সুষ্ঠ সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য যথাযথ সাইনেজ এবং সিস্টেমের (যেমন, দখল করা থাকলে তার চিহ্নিতকরন) মাধ্যমে দখল করা সীমিত করুন।

সুপারিশকৃত সর্বোত্তম চর্চা

- শুধুমাত্র বর্তমান কাজের জন্য প্রয়োজনীয় কর্মীদের পর্যন্ত উপস্থিতি সীমিত করা, কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা, প্রবেশ/প্রস্থানের সময় বদল করা, A/B দল তৈরি করা, এবং/অথবা এক সময়ে একটি এলাকায় শুধুমাত্র একটি দলের সময়সূচী নির্ধারণ করার মাধ্যমে কর্মীদের জন্য অতিরিক্ত জায়গা তৈরি করা।
- 6 ফুট দূরত্ব বজায় রাখতে ওয়ার্কস্টেশনের বিন্যাসে পরিবর্তন করুন এবং একটি এলাকায় একাধিক ক্রু এবং/অথবা দল কর্মরত করা এড়িয়ে চলুন। যদি সম্ভবপর না হয়, তাহলে মুখের আবরণ প্রদান করুন এবং তা পরা বাধ্যতামূলক করুন বা শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করুন (যেমন প্লাস্টিক প্রতিরক্ষার দেওয়াল), OSHA নির্দেশিকা অনুযায়ী, সেই সব এলাকায় যেখানে সেগুলি বায়ু প্রবাহ, তাপ, শিতলিকরণ অথবা বায়ু চলাচল ব্যাহত করবে না।
- সংকীর্ণ আইল, হলওয়ে বা জায়গায় তীর চিহ্ন দিয়ে সঙ্কেত স্থাপন করে দ্বিমুখী পায়ে চলাচল হ্রাস করা।
- ছোট স্থানগুলিতে (যেমন এলিভেটর, হয়েস্ট) এক সময়ে শুধুমাত্র একজন ব্যক্তি থাকা উচিত, যদি না সকল উপস্থিত ব্যক্তি মুখের আবরণ পরে থাকেন।
- সাইটে অনাবশ্যক দর্শনার্থীদের প্রবেশ নিষিদ্ধ করুন।
- যখন সম্ভব টেলি- বা ভিডিও-কনফারেন্সিং ব্যবহার করুন। প্রয়োজনীয় ইন-পার্সন সমাবেশ (যেমন সভা) খোলা, ভালো ভেন্টিলেশন সুবিধা আছে এবং উপযুক্ত সামাজিক দূরত্বের সঙ্গে ফাঁকা স্থানে অনুষ্ঠিত করা উচিত।
- সাধারণত ব্যবহৃত সাইটে (যেমন ক্লক ইন/আউট স্টেশন, হেলথ স্ক্রিনিং স্টেশন) এবং অন্যান্য প্রযোজ্য স্থানের ক্ষেত্রে ব্যবধান নিশ্চিত করে 6 ফুট দূরত্ব চিহ্নিত করে টেপ বা চিহ্ন ব্যবহারের মাধ্যমে সামাজিক দূরত্বের মার্কার চিহ্নিত করুন।
- কর্মীদের দুপুরের খাবার বাড়ি থেকে আনতে উৎসাহিত করুন এবং খাবার খাওয়ার সময় কর্মীদের জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করুন।

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকা নিউ ইয়র্ক অঞ্চলের সকল বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে রাজ্য জুড়ে বাণিজ্যিক মাছ ধরার পরিষেবাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, বাণিজ্যিক মাছ ধরা পরিষেবা এবং জাহাজ ভাড়া সংক্রান্ত কার্যক্রমের সকল মালিক/পরিচালকদের, বাণিজ্যিক মাছ ধরা কার্যক্রম সম্পর্কিত রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম চর্চা
শারীরিক দূরত্ব (চলছে)	✔ জাহাজ এবং নৌকায় ব্যক্তিদের সমাবেশ সীমাবদ্ধ করুন, নিম্নরূপে: • বাণিজ্যিক জাহাজ: নিরাপদ পরিচালনার জন্য প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক কর্মীদলের সদস্যের চেয়ে বেশি নয়; যদি না, সেই সদস্যরা গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন যখন 6 ফুটের যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়। • অন্যান্য সকল জাহাজ এবং নৌকা: কর্মীদল এবং যাত্রী উভয়ের মধ্যে নিরাপদে 6 ফুটের যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখতে পারবে এমন সর্বোচ্চ সংখ্যক মানুষের চেয়ে বেশি নয়, যদি না সবাই একই পরিবারের সদস্য হয়। যদি এইরূপ দূরত্ব বজায় রাখা না যায়, জাহাজে থাকা সকল ব্যক্তিদের সব সময় গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকতে হবে। • ওয়াক-ইন মাছ ধরার নির্দেশিকা: এটি অনুমোদিত, যতক্ষণ পর্যন্ত ব্যক্তিগত যোগাযোগ ন্যূনতম রাখা হয় এবং সামাজিক দূরত্বের প্রোটোকল, যেমন যখন ব্যক্তিরা একে অপরের থেকে 6 ফুটের কম দূরত্ব থাকেন তখন গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকা, সকল পক্ষের দ্বারা মেনে চলা হয়।	✔ যেখানে সম্ভব, স্পর্শবিহীন অর্থ প্রদানের কথা বিবেচনা করুন; এবং যদি সম্ভব না হয়, প্রতিটি লেনদেনের পর ব্যবহারের জন্য হাতের পরিচ্ছন্নতার সরঞ্জাম (উদাহরণস্বরূপ হ্যান্ড স্যানিটাইজার) উপলব্ধ রাখুন।
প্রতিরক্ষামূলক সরঞ্জাম	✔ কর্মীদের বিনা খরচে একটি গ্রহণযোগ্য মুখের আবরণ প্রদান করতে হবে এবং প্রতিস্থাপনের প্রয়োজন হলে সেই ক্ষেত্রে আবরণের একটি পর্যাপ্ত সরবরাহ থাকতে হবে। ✔ কাপড়ের (যেমন বাড়িতে সেলাই করা, দ্রুত কাটা, রুমাল) এবং সার্জিকাল মাস্ক গ্রহণযোগ্য মুখের আবরণে অন্তর্ভুক্ত, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়, যদি না কাজের প্রকৃতির কারণে কঠোর ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) (উদাহরণস্বরূপ N95 রেসপিরেটর, ফেস শিল্ড) প্রয়োজন হয়। ✔ মাস্ক অবশ্যই পরিষ্কার ও জীবনুমুক্ত হতে হবে এবং ব্যবহারের পর বা ছিঁড়ে গেলে অথবা ময়লা লেগে গেলে অবশ্যই বদলাতে হবে; মাস্ক অন্যের সাথে শেয়ার করা যাবে না, এবং সঠিকভাবে রাখতে হবে বা ফেলে দিতে হবে। ✔ ভাড়া করা জাহাজে থাকা যাত্রীদের অবশ্যই যথাযথ মুখের আবরণ ব্যবহার করতে হবে যখন 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না, যদি না তাদের বয়স তিন বছরের কম হয় অথবা চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে না পারেন।	

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকা নিউ ইয়র্ক অঞ্চলের সকল বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে রাজ্য জুড়ে বাণিজ্যিক মাছ ধরার পরিষেবাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, বাণিজ্যিক মাছ ধরা পরিষেবা এবং জাহাজ ভাড়া সংক্রান্ত কার্যক্রমের সকল মালিক/পরিচালকদের, বাণিজ্যিক মাছ ধরা কার্যক্রম সম্পর্কিত রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবাণুমুক্তকরণ

অত্যাবশ্যক

- ✓ রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এর দেওয়া স্বাস্থ্যবিধি এবং জীবাণুমুক্তকরণের আবশ্যকতাগুলি মেনে চলুন এবং সাইটে পরিষ্কার করার লগ বজায় রাখুন যাতে তারিখ, সময়, এবং পরিস্কার করার ব্যাপ্তি নথিবদ্ধ করা থাকে।
- ✓ কর্মীদের জন্য হাতের স্বাস্থ্যবিধি পালনের স্টেশন প্রদান এবং রক্ষণাবেক্ষণ করুন, সাবানের সঙ্গে জল এবং কাগজের তোয়ালে সহ হাত ধোয়া, আর তার সাথে একটি 60% বা তার বেশি অ্যালকোহল ধারণকারী অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করুন।
- ✓ শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে ব্যবহার করার জন্য পরিষ্কার করার এবং জীবাণুনাশক সরঞ্জাম প্রদান করুন এবং তারপর হাতের স্বাস্থ্যবিধি মেনে চলতে কর্মীদের উৎসাহিত করুন।
- ✓ পরিবেশ রক্ষা সংস্থার (Environmental Protection Agency, EPA) দ্বারা COVID-19 এর বিরুদ্ধে কার্যকর হিসাবে চিহ্নিত পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর পণ্য ব্যবহার করে অন্তত প্রতিটি যাত্রার পরে অথবা প্রয়োজনে তারও বেশিবার নিয়মিতভাবে শেয়ার করা জিনিসপত্র (যেমন সরঞ্জাম, ছুরি, আংটা) এবং পৃষ্ঠতলগুলি এবং উচ্চ যাতায়াত করা এলাকাগুলি, যেমন বিশ্রামাগার এবং সর্বজনীন এলাকাগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের কাজ পরিচালনা করুন।
- ✓ প্রতিটি ভ্রমণের শুরুতে এবং শেষে জাহাজের সকল এলাকা নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
- ✓ কোনো মাছ ধরার সরঞ্জাম যাতে শেয়ার করা না হয়, তা নিশ্চিত করার জন্য প্রোটোকল এবং প্রক্রিয়া প্রণয়ন করুন, যদি না সেটি ব্যবহারকারীদের মাঝে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়। নেট বা গ্যাফ শুধুমাত্র কর্মীদলের সদস্যদের দ্বারা পরিচালিত হতে পারে।
- ✓ জিনিসপত্র (যেমন সরঞ্জাম, তোয়ালে, যান বাহন) শেয়ার করা সীমিত করুন, এবং সাধারণভাবে ব্যবহৃত পৃষ্ঠতল স্পর্শ করাকে নিরুৎসাহিত করুন; অথবা, যখন সাধারণভাবে ব্যবহৃত বস্তু বা প্রায়শই স্পর্শ করা এলাকার সংস্পর্শে আসবেন, তখন গ্লাভস পরবেন (পেশার-উপযুক্ত বা চিকিতসাগত); অথবা, সংস্পর্শের আগে ও পরে হস্ত-সাস্থ্যবিধি অনুশীলন করবেন।
- ✓ খাদ্য পরিষেবা প্রদানকারী জাহাজগুলি খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানের জন্য বলবৎ স্বাস্থ্য এবং সুরক্ষা প্রোটোকল মেনে চলে তা নিশ্চিত করুন।
- ✓ শেয়ার করা খাবার ও পানীয় নিষিদ্ধ করুন (যেমন বুফে ধাঁচের খাবার)।

সুপারিশকৃত সর্বোত্তম চর্চা

- ✓ যেখানেই সম্ভব, নিরাপত্তা সতর্কতা বজায় রেখে বাইরের বাতাসের চলাচল (যেমন জানালা এবং দরজা খোলা) বৃদ্ধি করুন।

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকা নিউ ইয়র্ক অঞ্চলের সকল বাণিজ্যিক মাছ ধরার পরিষেবা এবং ভাড়ার জলযান সংক্রান্ত ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে রাজ্য জুড়ে বাণিজ্যিক মাছ ধরার পরিষেবাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, বাণিজ্যিক মাছ ধরা পরিষেবা এবং জাহাজ ভাড়া সংক্রান্ত কার্যক্রমের সকল মালিক/পরিচালকদের, বাণিজ্যিক মাছ ধরা কার্যক্রম সম্পর্কিত রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম চর্চা
যোগাযোগ	✓ নিশ্চিত করুন যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করুন যে আপনি সেগুলি কার্যকর করবেন। ✓ সাইটের চারিদিকে সাইনেজ পোস্ট করে কর্মীদের সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্ব নিয়ম, PPE এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার জন্য সতর্ক করুন। ✓ নতুন প্রোটোকলের বিষয়ে সকল কর্মীদের প্রশিক্ষণ দিন এবং প্রায়ই নিরাপত্তার নির্দেশিকাগুলি সম্পর্কে জানান। ✓ সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তা পরিকল্পনাসমূহ সকলের চোখে পড়ে এমন জায়গায় লাগান।	✓ স্যোসাল মিডিয়া, মৌখিক কথোপকথন, এবং সাইন ব্যবহারের মাধ্যমে গভর্নরের এক্সিকিউটিভ অর্ডার, CDC, এবং DOH এর নির্দেশিকা অনুযায়ী গ্রাহকদের নির্দেশ প্রদান করুন এবং মুখের আবরণ ব্যাবহার করতে উৎসাহিত করুন। ✓ হালনাগাদকৃত তথ্য প্রদান করার জন্য কর্মী, দর্শনার্থী এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা স্থাপন করুন।
স্ক্রিনিং	✓ অসুস্থ কর্মীদের বাড়িতে থাকা উচিত অথবা কর্মক্ষেত্রে অসুস্থ হলে বাড়ি ফিরে যাওয়া উচিত। ✓ যেসব কর্মী (1) গত 14 দিনে COVID-19 উপসর্গ সম্পর্কে জানতে চেয়েছে, (2) গত 14 দিনে COVID-19 পরীক্ষায় পজিটিভ ধরা পড়েছে, এবং/অথবা (3) গত 14 দিনে COVID-19 হওয়া বা সন্দেহভাজন কারো ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে এসেছে, তাদের প্রত্যেকের জন্য স্বাস্থ্য পরীক্ষা (যেমন, প্রশ্নপত্র পূরণ, তাপমাত্রা যাচাই) বাধ্যতামূলক করুন। ✓ একজন কর্মী যাকে COVID-19 উপসর্গের জন্য ইতিবাচক হিসাবে স্ক্রিন করা হয়েছে তাকে প্রাঙ্গণে প্রবেশ করতে অনুমতি দেওয়া উচিত নয় এবং মূল্যায়ন এবং পরীক্ষার জন্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়িতে পাঠিয়ে দেওয়া উচিত। ✓ অবিলম্বে নিশ্চিত পসিটিভ কেস সম্পর্কে রাজ্য ও স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে অবগত করুন, এবং সেই ব্যক্তিক স্বাস্থ্য পরিচর্যা এবং পরীক্ষা সংক্রান্ত সংস্থান সম্পর্কে তথ্য প্রদান করুন। ✓ একটি পজিটিভ কেসের ক্ষেত্রে পরিষ্কার, জীবাণুমুক্ত, এবং কন্টাক্ট ট্রেসিংয়ের জন্য একটি পরিকল্পনা করুন। ✓ স্ক্রিনিং প্রক্রিয়া দ্বারা সংগৃহীত সমস্ত উত্তরগুলি প্রতিদিন পর্যালোচনা করুন এবং সেই পর্যালোচনার একটি রেকর্ড বজায় রাখুন। কর্মীরা পরে COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি অনুভব করলে তাদের সম্পর্কে জানানোর জন্য যোগাযোগ করার উদ্দেশ্যে একটি পরিচিতিকে নির্দিষ্ট করতে হবে, যেমন প্রশ্নাবলীতে উল্লিখিত আছে।	✓ যতদূর সম্ভব, কর্মীরা সাইটে আসার আগে দূরবর্তীভাবে স্ক্রিনিং সম্পাদন করুন (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে)। ✓ যথাযথ PPE পরিধান করে বা স্পর্শহীন উপায়ে সম্পন্ন করা ডেলিভারিগুলি ছাড়া, অন্যদের কাছাকাছি বা সংস্পর্শে আসতে পারে এমন প্রত্যেক ব্যক্তির প্রতিদিনের নথি বজায় রাখুন। গ্রাহক এবং দর্শনার্থীদের তথ্য প্রদান করতে উৎসাহিত করুন কিন্তু, সেটা বাধ্যতামূলক করবেন না এই লগের অংশ হিসেবে। ✓ স্ক্রিনিং এমনভাবে পরিচালনা করুন, যাতে স্ক্রিনিং সম্পূর্ণ হওয়ার আগে ব্যক্তিদের কাছাকাছি আসা বা সংস্পর্শে আসা থেকে ব্যহত করা যায়। ✓ COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সব থেকে হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) সম্পর্কে CDC এর নির্দেশিকা দেখুন। ✓ স্ক্রিনারদের CDC, DOH এবং OSHA প্রোটোকলের সাথে পরিচিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষণ দেওয়া উচিত এবং ন্যূনতমভাবে, একটি মুখের আবরণ সহ যথাযথ PPE পরিধান করা উচিত। ✓ যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে কাজে আবার যোগদান করতে চাইছেন বা যে কর্মচারী COVID-19 সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য DOH এর নির্দেশিকা দেখুন।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.